

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

- ৭. নাজাসাতে গালীযা ও খাফীফার বিবরণ কী?
- (ক) নাজাছাতে গালীযা হলো তীব্ৰ নাপাকী। যেসব নাপাকি অতিমাত্ৰায় তীব্ৰ সেগুলো হলো নাজাছাতে গালীযা। সংক্ষেপে এগুলো হলো:
- ক. প্রাণীকূল
- ১. কুকুর, ২. শূকর, ৩. ইঁদুর, ৪. এমন মৃত জানোয়ার যা শরয়ী পদ্ধতিতে জবাই করা হয়নি । তবে মাছ ব্যতীত । ৫. যেসব প্রাণী পায়খানা খায় ।
- খ. জড় পদার্থ
- ১. মদ ও মাদক দ্রব্য, ২. কুকুরের মুখ দেওয়া পাত্র। (মুসলিম: ২৭৯)
- গ. দেহ থেকে নিৰ্গত বস্তু
- ১. মানুষের পেশাব, পায়খানা ।
- ২. হায়েযের রক্ত, মেয়েদের প্রস্রাবের রাস্তা দিয়ে নির্গত যেকোন তরল পদার্থ ।
- ৩. মৃত প্রাণীর দেহ থেকে নির্গত তরল পদার্থ।
- 8. মণি অর্থাৎ সাদা গাঢ় বীর্য (বুখারী: ২৩০, আধুনিক)। অপর একদল ফকীহর মতে, মণি নাপাক নয় । (শরহুল মুসলিম-লিন্নববী- ৩/১৯৭)
- ৫. মযী অর্থাৎ এমন এক প্রকার সাদা তরল পদার্থ, যা স্ত্রী সহবাসের পূর্বে বা এ জাতীয় অনুভূতির সময় শরীর থেকে নির্গত হয়।
- ৬. অদী, রোগের কারণে কারো কারো প্রস্রাবের পর এক প্রকার গাঢ় সাদা পানি বের হয়। এটা হলো অদী ।
- ৭. হালাল প্রাণীর প্রবহমান রক্ত। অবশ্য মাংসের সাথে লেগে থাকা রক্ত নয়। হালাল প্রাণী হলো যেসব প্রাণীর মাংস খাওয়া হালাল।
- ৮. হারাম প্রাণীর গোবর ও পেশাব । যেসব প্রাণীর মাংস খাওয়া হারাম সেগুলোকেই হারাম প্রাণী বলা হয়।
- (খ) আর নাজাসাতে খাফীফা হলো হালকা নাপাকী। যেমন:
- ১. মানুষের বমি, রক্ত ও পূজ,
- ২. হারাম পাখির মলমূত্র,
- ৩. হালাল পশুর গোবর ও পেশাব,
- ৪. ঘোড়ার পেশাব।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=12738

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন